Time Taken

00:00

Mark Gained

1.গাঁটি > গাঁইট- এটি ধ্বনি পরিবর্তনের কোন নিয়মের উদাহরণ?

a. অপিনিহিতি

b. সমীভবন

c. বিপ্রকর্ষ

d. বর্ণ বিপর্যয়

Show Answer Show Explanation

Explanation: *** অপিনিহিতি (Apenthesis): পরের ই-কার আগে উচ্চারিত হলে কিংবা যুক্ত ব্যঞ্জনধ্বনির আগে ই-কার বা উ-কার উচ্চারিত হলে তাকে অপিনিহিতি বলে। *** যেমন – আজি > আইজ, সাধু > সাউধ, রাখিয়া > রাইখ্যা, বাক্য > বাইক্য, সত্য > সইত, চারি > চাইর, মারি > মাইর ইত্যাদি।

2.শহিদ' কোন ভাষার শব্দ?

a. আরবি

b. ফার্সি

c. ফরাসি

d. তদ্ভব

Show Answer Show Explanation

Explanation: ব্যাখ্যা: আরবি ভাষার শব্দ (বিগত বিভিন্ন পরীক্ষায় এসেছে): আদালত, উকিল, এজলাস, হাকিম, মামলা মোলায়েম, ফোয়ারা, কোরবানি, নগদ, বাকি তুফান, সবুর, কুরসি, জ্বালাতন, ওজন, শরবত তেজারত, খবিশ, দালান, অজুহাত, তবলা, মোসাহেব আসবাব, এলাকা, শহিদ, হামলা, গায়েব, আসামি।

## 3.'প্রতিশব্দ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?

a. ক) ধ্বনিতত্ত্বে

b. খ) শব্দতত্ত্বে

c. গ) বাক্যতত্ত্বে

d. ঘ) অর্থতত্ত্বে

Show Answer Show Explanation

Explanation: উত্তর: অর্থতত্ত্ব। ব্যাখ্যা: যেহেতু প্রতিশব্দ মূলত অর্থ কেন্দ্রিকে, অর্থ শব্দের অর্থের আলোকে প্রতিশব্দ বা সমার্থক শব্দ নির্ণয় করা হয়। সুতরাং প্রতিশব্দ বা সমার্থক শব্দ অর্থতত্ত্বে আলোচিত হয়।

## 4.সারঙ্গ শব্দের অর্থ কি?

a. ক) ব্যাঘ্র

b. খ) জলহস্তী

c. গ) হরিণ

d. ঘ) সিংহ

Show Answer Show Explanation

Explanation: উত্তর: হরিণ। ব্যাখ্যা: সারঙ্গ শব্দের অর্থ হরিণ । - হরিণ এর সমার্থক শব্দ গুলো হলো: শম্বর, মৃগ, কুরঙ্গ, সুনয়ন, ঋষ্য, সারঙ্গ, এণ । - সিংহ শব্দের সমার্থক শব্দগুলো:পশুরাজ,কেশরী, মৃগেন্দ্র, মৃগরাজ, হর্যক্ষ, মৃগপতি, হরি । - বাঘের সমার্থক শব্দ- ব্যাঘ্র, শের, শার্দুল, দ্বীপী, বাঘ, গুহাশয়, হিংস্র পুরূষ।

## 5.'সুরভি' শব্দের বিপরীত শব্দ-

a. ক) পুতি

b. খ) কুরভি

c. গ) সৌরভ

d. ঘ) শুভ্র

Show Answer Show Explanation

Explanation: উত্তর: পুতি। ব্যাখ্যা: প্রবিষ্ট শব্দের অর্থ - প্রস্থিত। অন্য শব্দগুলোর বিপরীত শব্দ গুলো হল: - সজ্জন - দুর্জন , - চৌকস - হাঁদা , - উদ্বৃত্ত - ঘাটতি ।

6.'ব্যক্তিগত' কোন সমাস?

a. ক) কর্মধারয়

b. খ) তৎপুরুষ

c. গ) বহুব্রীহি

d. ঘ) অব্যয়ীভাব

Show Answer Show Explanation

Explanation: উত্তর: ২য়া তৎপুরুষ ব্যাখ্যা: ব্যক্তিকে গত=ব্যক্তিগত

7.'চন্দ্রিকা' শব্দের সমার্থক শব্দ কোনটি?

a. ক) আকাশ

b. খ) সূর্য

c. গ) দুতি

d. ঘ) চাঁদ

Show Answer Show Explanation

Explanation: 'চন্দ্রিকা' শব্দের সমার্থক শব্দ চাঁদ

8.‘সুশীল’ শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

a. ক) কুশীল

b. খ) দুঃশীল

c. গ) অশীল

d. ঘ) অজ্ঞান

Show Answer Show Explanation

Explanation: উত্তর: দুঃশীল। ব্যাখ্যা: সুশীল শব্দের বিপরীত শব্দ দুঃশীল। অজ্ঞান শব্দের বিপরীত শব্দ জ্ঞানী।

9.কোনটি মৌলিক শব্দ?

a. প্রকৃতি

b. নব

c. হস্ত

d. মৌর্য

Show Answer Show Explanation

Explanation: উত্তর: হস্ত। ব্যাখ্যা: হস্ত মৌলিক শব্দ। এটিকে বিশ্লেষন করা যায় না। করলেও কোনো অর্থবোধক শব্দ পাওয়া যায় না। নব = √নু + অ, প্রকৃতি = প্র + √কৃ + তি, মৌর্য = মুরা + য।

10.'ঝড়ো কাক' বাগ্‌ধারা টি কোন অর্থে ব্যবহৃত হয়?

a. ক) মোসাহেবি করা

b. খ) ভিজে যাওয়া

c. গ) বাইরে ঠাট বজায় রেখে চলা

d. ঘ) বিপর্যস্ত অবস্থা

Show Answer Show Explanation

Explanation: 'ঝড়ো কাক' বাগ্‌ধারা টির ওর্থ বিপর্যস্ত অবস্থা।

11.'ঈক্ষণ' শব্দের অর্থ কী?

a. ক) শিক্ষা

b. খ) পরীক্ষা

c. গ) নয়ন

d. ঘ) মৌমাছি

Show Answer Show Explanation

Explanation: উত্তর: নয়ন। ব্যাখ্যা: ঈক্ষণ (বিশেষ্য) - সংস্কৃত শব্দ - প্রকৃতি প্রত্যয় = √ঈক্ষ্‌+অন অর্থ: - দর্শন, দৃষ্টি। - নয়ন, নেত্র, চোখ।

12.'অর্থহীন উক্তি'কে এক কথায় কী বলে?

a. ক) অনূদিত

b. খ) প্রলাপ

c. গ) আরক্ত

d. ঘ) সাবলীল

Show Answer Show Explanation

Explanation: উত্তর: প্রলাপ। ব্যাখ্যা: 'অর্থহীন উক্তি'কে এক কথায় বলে - প্রলাপ অন্যদিকে, অন্য ভাষায় অনুবাদ = অনূদিত ।অবলীলাত সঙ্গে = সাবলীল ।ঈষৎ রক্তবর্ণ = আরক্ত ।

13.‘পর্যবেক্ষণ’ শব্দে কয়টি উপসর্গ আছে?

a. ক) একটিও না

b. খ) দুইটি

c. গ) একটি

d. ঘ) তিনটি

Show Answer Show Explanation

Explanation: উত্তর: দুইটি। ব্যাখ্যা: পর্যবেক্ষণ শব্দে ‘পরি’ ও ‘অব’ এই দুটি উপসর্গ আছে।

14.‘অসময়’ কোন সমাস?

a. ক) অব্যয়ীভাব

b. খ) কর্মধারয়

c. গ) তৎপুরুষ

d. ঘ) বহুব্রীহি

Show Answer Show Explanation

Explanation: উত্তর: তৎপুরুষ। ব্যাখ্যা: পূর্বপদে না-বাচক অব্যয় যুক্ত হয়ে যে তৎপুরুষ সমাস হয় তাকে নঞ তৎপুরুষ সমাস বলে। যেমন - ন সময় = অসময়।

15.'মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে।' এটি কী ধরনের বাক্য?

a. ক) জটিল

b. খ) মিশ্র

c. গ) যৌগিক

d. ঘ) সরল

Show Answer Show Explanation

Explanation: উত্তর: সরল। ব্যাখ্যা: যে বাক্যে একটি মাত্র কর্তা একটি মাত্র সমাপিকা ক্রিয়া থাকে, তাকে সরল বাক্য বলে। বাক্যের মাঝে হলেও, বললেও, সত্ত্বেও, করলেও, করলে, বললে ইত্যাদি থাকলে সরল বাক্য হয়।

16.' পরভৃৎ ' শব্দের অর্থ-

a. ক) কাক

b. খ) কোকিল

c. গ) বায়স

d. ঘ) বলিভূক

Show Answer Show Explanation

Explanation: উত্তর: কাক। ব্যাখ্যা: 'পরভৃত' শব্দের অর্থ - কোকিল, পিক, বসন্তদূত। কোকিলকে যে পালন করে তাকে বলে 'পরভৃৎ' অর্থাৎ কাক। কাকের সমার্থক- বায়স, কজ্জ, বৃক, বলিভূক।

17.'শুদ্ধোদন' কোন ধরনের সন্ধি?

a. ক) স্বরসন্ধি

b. খ) ব্যঞ্জনসন্ধি

c. গ) বিসর্গ সন্ধি

d. ঘ) নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি

Show Answer Show Explanation

Explanation: উত্তর: নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি। ব্যাখ্যা: নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি: প্র+ঊঢ় = প্রৌঢ়, অন্য+অন্য =অন্যান্য, শুদ্ধ+ ওদন = শুদ্ধোদন, গো+ অক্ষ = গবাক্ষ, কুল+অটা = কুলটা, মার্ত + অণ্ড = মার্তণ্ড।

18.সঠিক সমার্থক শব্দজোড় কোনটি?

a. নগন্য, বাহ

b. শিখিন, শুচি

c. মূঢ়, মূর্ছিত

d. অলয়, অবয়ব

Show Answer Show Explanation

Explanation: উত্তর: শিখিন, শুচি। ব্যাখ্যা: “আগুন” - শিখিন, শুচি, অনল, বহ্নি, সর্বভুক, পাবক, হুতাশন, জ্বলন, শিখাবৎ, বায়ুসখ, হুতভুক, অনিলসখ।

19.বাংলা লিপিতে কতটি দীর্ঘস্বর আছে?

a. ক) ৫

b. খ) ৪

c. গ) ৩

d. ঘ) ২

Show Answer Show Explanation

Explanation: স্বরের উচ্চারণ কাল অনুযায়ী বাংলা স্বরধ্বনিকে হ্রস্ব ও দীর্ঘ স্বর হিসেবে ভাগ করা হয়। বাংলা লিপিতে ২টি দীর্ঘস্বর আছে: [ঈ] ও [ঊ] উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

20.'সোভিয়েত' কোন ভাষা থেকে আগত শব্দ?

a. ক) ফরাসি

b. খ) রুশ

c. গ) ইংরেজি

d. ঘ) পোলিশ

Show Answer Show Explanation

Explanation: • রুশ শব্দ: বলশেভিক, সোভিয়েত, স্পুৎনিক ইত্যাদি। • গুরুত্বপূর্ণ বিদেশি ভাষার শব্দ: চীনা শব্দ : চা, চিনি, কাগজ, এলাচি, তুফান, লিচু, টাইফুন, হোয়াংহো, নানচি ইত্যাদি। ওলন্দাজ শব্দ : ইস্কাপন, টেক্কা, রুইতন, হরতন, তুরুপ ইত্যাদি। ফরাসি শব্দ : আঁশ, ইংরেজ, কুপন, কার্তুজ, ক্যাফে, ওলন্দাজ, বিস্কুট, বুর্জোয়া, রেস্তোরা, শেমিজ ইত্যাদি। জাপানি শব্দ : রিকসা, হারিকিরি, প্যাগোডা, হাস্নাহেনা, নিপ্পন, টোকিও ইত্যাদি। বর্মী শব্দ : লুঙ্গি, ফুঙ্গি, কিয়াং, আরাকান, ইয়াঙ্গুন ইত্যাদি। ইতালিয় শব্দ : রোম, ম্যাজেন্টা । গ্রিক শব্দ : দার্থমে— দাম, গোনোস- কোণ, কেন্টর— কেন্দ্র ইত্যাদি। মিশরীয় শব্দ : মিসরি-মিছরি।

21.কাক > কাগ ধ্বনি পরিবর্তনের কোন নিয়মে হয়েছে?

a. ক) ঘোষীভবন

b. খ) অঘোষীভবন

c. গ) মহাপ্রাণীভবন

d. ঘ) অল্পপ্রাণীভবন

Show Answer Show Explanation

Explanation: অপশনে যেহেতু ব্যঞ্জনবিকৃতি নেই তাই ঘোষীভবন উত্তর। যেমন : কাক > কাগ শাক > শাগ জেনে রাখুন: ঘোষীভবন, অঘোষীভবন, মহাপ্রাণীভবন, অল্পপ্রাণীভবন (Voicing, De-voicing, Aspiration, De aspirātion) : আমরা অনেক সময় অঘোষধ্বনিকে ঘোষধ্বনি করে নিই, আবার ঘোষধ্বনিকে অঘোষ করি, তেমনি অল্পপ্রাণ ধ্বনিকে

করি মহাপ্রাণ বা মহাপ্রাণ ধ্বনিকে করি অল্পপ্রাণ। উদাহরণ যথাক্রমে- কাক > কাগ, গুলাব > গোলাপ, পাশ > ফাঁস, ভগিনী > বোন। এই পরিবর্তনকে আমরা যথাক্রমে ঘোষীভবন, অঘোষীভবন, মহাপ্রাণীভবন, অল্পপ্রাণীভবন বলি।

## 22.'বর্ষন থেকে বরিষন' হওয়ার সন্ধি সূত্র-

a. স্বরভক্তি

b. স্বরসঙ্গতি

c. অভিশ্রুতি

d. অপিনিহিতি

Show Answer Show Explanation

Explanation: *** ব্যাখ্যাঃ *** মধ্য স্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তি (Anaptyxis)- সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসে। একে বলা হয় মধ্য স্বরাগম বা বিপ্রকর্ষ বা স্বরভক্তি। *** যেমন- অ – রত্ন > রতন, ধর্ম > ধরম, স্বপ্ন > স্বপন, হর্ষ > হরষ ইত্যাদি। ই – প্রীতি > পিরীতি, ক্লিপ > কিলিপ, ফিল্ম > ফিলিম ইত্যাদি। উ – মুক্তা > মুকুতা, তুর্ক > তুরুক, ভূ >ভুরু ইত্যাদি। এ – গ্রাম > গেরাম, প্রেক> পেরেক, স্রেফ > সেরেফ ইত্যাদি। ও – শ্লোক > শোলোক, মুরগ > মুরোগ > মোরগ ইত্যাদি।

## 23. “যে পুরুষ বিয়ে করেনি” তাকে এককথায় কি বলে?

a. ক) চিরকুমার

b. খ) কৃতদার

c. গ) অকৃতদার

d. ঘ) ব্যাচেলর

Show Answer Show Explanation

Explanation: উত্তর: গ) অকৃতদার ব্যাখ্যা: যে পুরুষ বিয়ে করেনি - অকৃতদার । - যে পুরুষ বিয়ে করেছে = কৃতদার। - যে মেয়ে নতুন বিয়ে করেছে = নবোঢ়া - যে মেয়ের বিয়ে হয় নি = অনূঢ়া - যে নারী নিজের বর বরণ করে নেয় = স্বয়ংবরা

## 24.“যিনি বিদ্যা লাভ করেছেন” - তাকে এককথায় কী বলে?

a. ক) কৃতবিদ্য

b. খ) বিদ্যাপতি

c. গ) বিদ্যাধর

d. ঘ) বিদূষী

Show Answer Show Explanation

Explanation: উত্তর: ক) কৃতবিদ্য ব্যাখ্যা: যিনি বিদ্যা লাভ করেছেন তাকে একথায় বলে কৃতবিদ্য। বাংলা একাডেমি অভিধান অনুসারে, কৃতবিদ্য (বিশেষণ) - সুশিক্ষিত; বিদ্বান। আরো কিছু গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশঃ যে গমন করে না = নগ (পাহাড়)। যে গৃহের বাহিরে রাত্রিযাপন করতে পছন্দ করে = বারমুখো। যে জমিতে ফসল হয় না = ঊষর।

25. “হনন করার ইচ্ছা” - এর সংকোচিত রূপ কোনটি?

a. ক) জুগুপ্সা

b. খ) জিগীষা

c. গ) বিজিগীষা

d. ঘ) জিঘাংসা

Show Answer Show Explanation

Explanation: ঘ) জিঘাংসা ব্যাখ্যা: জিঘাংসা (বিশেষ্য): বধ করার ইচ্ছা; হননেচ্ছা (তুরস্ক সরকারের এই জিঘাংসা আমীর আলীকে মর্মপীড়া দেয়-সৈয়দ মুজতবা আলী)। - জিঘাংসক (বিশেষণ) - হত্যা করতে ইচ্ছুক; বধেচ্ছু। - জিঘাংসাবৃত্তি (বিশেষ্য) - প্রাণনাশের প্রবৃত্তি। - জিঘাংসিত (বিশেষণ) - প্রাণ বধ করা হয়েছে এমন। - জিঘাংসু (বিশেষণ) - বধেচ্ছু; হত্যা করতে ইচ্ছুক (রক্তলোলুপ জিঘাংসু আরব সমাজে তিনি রোগীর সেবা করিতেন-এয়াকুব আলী চৌধুরী)। বিজয় লাভের ইচ্ছা - বিজিগীষা। দর্শনের ইচ্ছা - দিদৃক্ষা। উপকার করার ইচ্ছা - উপচিকীর্ষা। জয় করার ইচ্ছা - জিগীষা। হনন (হত্যা) করার ইচ্ছা - জিঘাংসা।

26.নিম্নের কোনটি 'মূঢ়'-এর সমার্থক শব্দ ?

a. ক) অনর

b. খ) অসাড়

c. গ) মৃত

d. ঘ) অজ্ঞ

Show Answer Show Explanation

Explanation: অজ্ঞ' শব্দের সমার্থক শব্দ 'মূঢ়'। এর অন্যান্য সমার্থক শব্দ = মূর্খ, নির্বোধ, অশিক্ষিত, জ্ঞানহীন, অনবগত, জ্ঞানশূন্য, অজ্ঞানী, বেকুব, নিরক্ষর, বিদ্যাহীন, অসাক্ষর, অবিজ্ঞ, অপণ্ডিত, অবিদ্বান, অপ্রাজ্ঞ।

27.নিচের কোন বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ?

a. আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই।

b. আপনি স্বপরিবারে আমন্ত্রিত।

c. তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।

d. সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম।

Show Answer Show Explanation

Explanation: বাকী বাক্যগুলোর শুদ্ধরূপ ঃ অশুদ্ধ বাক্য: আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই। শুদ্ধ বাক্য: আমি কারও সাতেও নেই, পাঁচেও নেই। অশুদ্ধ বাক্য: আপনি স্বপরিবারে আমন্ত্রিত। শুদ্ধ বাক্য: আপনি সপরিবারে আমন্ত্রিত। অশুদ্ধ বাক্য: সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম । শুদ্ধ বাক্য: সারা জীবন ভূতের বেগার খেটে মরলাম ।

28.টিপটিপ করে বৃষ্টি পড়ছে- এ বাক্যে 'টিপটিপ' কী ধরণের ক্রিয়াবিশেষণ?

a. ধরণবাচক

b. কালবাচক

c. স্থানবাচক

d. নেতিবাচক

Show Answer Show Explanation

Explanation: যে ক্রিয়াবিশেষণ দ্বারা কোন কাজ কীভাবে বা কেমন করে সংঘটিত হচ্ছে বুঝায় তাকে ধরনবাচক বা ভাবজ্ঞাপক ক্রিয়াবিশেষণ বলে। য়েমন : টিপটিপ করে বৃষ্টি পড়ছে। লেখাটা ভালোভাবে সম্পন্ন হয়েছে। অর্পনা দ্রুত লিখতে পারে। অন্যদিকে, কালবাচক: যে সকল ক্রিয়াবিশেষণ ক্রিয়া সম্পাদনের কাল নির্দেশ করে তাদেরকে কালবাচক ক্রিয়াবিশেষণ বলে। যেমন: আজকাল ফলের চেয়ে ফুলের দাম বেশি। স্থানবাচক: ক্রিয়ার স্থান নির্দেশ করে স্থানবাচক ক্রিয়াবিশেষণ। যেমন: মিলেমিশে সামনে এগিয়ে যায়। নেতিবাচক: যে সকল ক্রিয়াবিশেষণ না, নি, নেই ইত্যাদি দিয়ে ক্রিয়ার নেতিবাচক অবস্থা বোঝায় তাকে নেতিবাচক ক্রিয়াবিশেষণ বলে। এগুলো সাধারণত ক্রিয়ার পেছনে বসে। যেমন: সে এখন যাবে না।

29.কোনটি ঘোষ ধ্বনির উদাহরণ?

a. ঠ

b. থ

c. ছ

d. হ

Show Answer Show Explanation

Explanation: ঘোষ ব্যঞ্জন যেসব ধ্বনি উচ্চারণের সময়ে ধ্বনিদ্বারের কম্পন অপেক্ষাকৃত বেশি, সেসব ধ্বনিকে বলা হয় ঘোষধ্বনি। যথা: ব, ভ, ম, দ, ধ, ন, র, ল, ড, ঢ, ড়, ঢ়, জ, ঝ, গ, ঘ, ঙ, হ । অঘোষ ব্যঞ্জন যেসব ধ্বনি উচ্চারণের সময়ে ধ্বনিদ্বারের কম্পন অপেক্ষাকৃত কম, সেসব ধ্বনিকে বলা হয় অঘোষধ্বনি। যথা: প, ফ, ত, থ, স, ট, ঠ, চ, ছ, শ, ক, খ।

30.বাংলা ভাষার নিজস্ব লিপি কোনটি?

a. ব্রাহ্মী

b. অহমিয়া

c. বাংলা

d. খরষ্ঠী

Show Answer Show Explanation

Explanation: প্রায় আড়াই বছর আগে উপমহদেশে ব্রাহ্মী লিপির জন্ম হয়। ব্রাহ্মী লিপির পূর্ব-ভারতীয় শাখা দশম শতক নাগাদ কুটিল লিপি নামে পরিচিতি লাভ করে। বাংলা লিপি এই কুটিল লিপির পরিবর্তিত রূপ। অহমিয়া, বোড়ো, মণিপুর প্রভৃতি ভাষাও বাংলা লিপিতে রেখা হয়। সংস্কৃত এবং মৈথিলি ভাষা এক সময়ে এই লিপিতে লেখা হত।

## 31.প্রাণি বা বস্তুর নামকে বহুবচন করতে কোন লগ্নক ব্যবহার করা হয়?

a. মণ্ডলী

b. বর্গ

c. গণ

d. আবলি

Show Answer Show Explanation

Explanation: প্রাণি বা বস্তুর নামকে বহুবচন করতে 'সব', 'সমূহ', 'আবলি', 'মালা' ইত্যাদি লগ্নক যোগ করতে হয়। যেমন: সব - ভাইসব, পাখিসব। সমূহ - গ্রন্থসমূহ, বৃক্ষসমূহ। আবলি - নিয়মাবলি, রচনাবলি। মালা - মেঘমালা, পর্বতমালা। • মানী পক্ষের বহুবচন করার সময়ে 'গণ', 'বৃন্দ', 'মণ্ডলী', 'বর্গ' ইত্যাদি লগ্নক যোগ করা হয়। যেমন: গণ- সদস্যগণ, সচিবগণ। বৃন্দ - দর্শকবৃন্দ, শিক্ষকবৃন্দ। মণ্ডলী - সুধীমণ্ডলী, সম্পাদকমণ্ডলী। বর্গ - পণ্ডিতবর্গ, মন্ত্রীবর্গ।

## 32.ফুসুর ফুসুর' কোন ধরণের শব্দদ্বিত্ব?

a. ঋণাত্মক

b. ধ্বন্যাত্মক

c. পুনরাবৃত্ত

d. অনুকার

Show Answer Show Explanation

Explanation: ধ্বন্যাত্মক দ্বিত্ব: কোনো প্রাকৃতিক ধ্বনির অনুকরণে যেসব শব্দ তৈরি হয় , সেগুলোকে ধ্বন্যাত্মক দ্বিত্ব বলে। যেমন- ঠন একটি ধ্বন্যাত্মক শব্দ। কোনো ধাতব পদার্থের সঙ্গে অন্য কোনো ধাতব পদার্থের সংঘর্ষে এই ধরনের ধ্বনি তৈরি হয়। ঠন শব্দটি পরপর দুই বার বা কখনো ততোধিক বার ব্যবহৃত হলে ধ্বন্যাত্মক দ্বিত্ব সৃষ্টি হয়। যেমন- সাঁ

করে তির ছুটে যায়, সাঁ সাঁ। কয়েকটি ধ্বন্যাত্মক দ্বিত্বের উদাহরণ: টুং টুং, ঠুকঠুক, শোঁ শোঁ, খক খক, দুম দুম, কুটুস-কুটুস, ঠুক-ঠুক, কোঁত কোঁত, হিস হিস, জ্বলজ্বল, ঝমঝম, টসটস, থকথকে, ফুসুর ফুসুর, ভট ভট, ঢং ঢং।

33.কোনটি শুদ্ধ বানান?

a. মধুপর্ণী

b. পাণিনী

c. সমিচীন

d. নীলিবৃক্ষ

Show Answer Show Explanation

Explanation: কিছু বানানের অশুদ্ধ ও শুদ্ধ রূপ দেয়া হলো: • অশুদ্ধ - সমিচীন • শুদ্ধ - সমীচীন (বিশেষণ) - সংস্কৃত শব্দ - প্রকৃতি প্রত্যয় = সম্যৃ চ+ঈন্ অর্থ:- সংগত, উপযুক্ত, উওম, যথার্থ, সত্য, উচিত। • অশুদ্ধ - পণিনী • শুদ্ধ - পাণিনি (বিশেষ্য) - সংস্কৃত শব্দ - প্রকৃতি প্রত্যয় = পাণিন্+অ অর্থ:- খ্রিষ্টপূর্ব পঞ্চম শতকের সংস্কৃত ব্যাকরণপ্রণেতা। • অশুদ্ধ- মধুপর্ণি • শুদ্ধ- মধুপর্ণী - সংস্কৃত শব্দ - প্রকৃতি প্রত্যয়- মধু+√পা+ইন্ অর্থ: নীলীবৃক্ষ, গুলঞ্চলতা, গাম্ভারী, গামার।

34.“হাজার বছর ধরে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে” - বাক্যটিতে কিসের অভাব রয়েছে?

a. আকাঙ্ক্ষা

b. আসত্তি

c. বাহুল্য

d. যোগ্যতা

Show Answer

Answer: d

35.নিচের কোনটি যোগরূঢ় শব্দ নয়?

a. ক) পঙ্কজ

b. খ) রাজপুত

c. গ) মহাযাত্রা

d. ঘ) প্রবীণ

Show Answer Show Explanation

Explanation: সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোন বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন-পঙ্কজ, রাজপুত, মহাযাত্রা, জলধি ইত্যাদি। প্রবীণ, বাঁশি, তৈল, সন্দেশ ইত্যাদি শব্দগুলো হলো রূঢ়ি শব্দ। উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ-নবম দশম শ্রেণী

36.উচ্চারণের দিক থেকে 'ল'-

a. জিহবামূলীয় বর্ণ

b. দন্ত্য বর্ণ

c. তালব্য বর্ণ

d. ওষ্ঠ্য বর্ণ

Show Answer Show Explanation

Explanation: দন্ত্যমূলীয় ব্যঞ্জনঃ ন, র, ল, স।

37."করলাম > কল্লাম" শব্দটি তে কোন ধরণের ধ্বনি পরিবর্তন ঘটেছে?

a. অভিশ্রুতি

b. অন্তর্হতি

c. র-কার লোপ

d. ব্যঞ্জনচ্যুতি

Show Answer

Answer: c

38.বাংলা আ-ধ্বনি একটি-

a. অর্ধ-সংবৃত স্বর

b. সংবৃত স্বর

c. অর্ধ-বিবৃত স্বর

d. বিবৃত স্বর

Show Answer Show Explanation

Explanation: *** বাংলা স্বরধ্বনিগুলোর উচ্চারণঃ উচ্চ সম্মুখ, ওষ্ঠাধর প্রসৃতঃ ই, ঈ। উচ্চ পশ্চাৎ, ওষ্ঠাধর গোলাকৃতঃ উ, ঊ। উচ্চমধ্য সম্মুখ, ওষ্ঠাধর প্রসৃতঃ এ। উচ্চমধ্য পশ্চাৎ, ওষ্ঠাধর গোলাকৃতঃ ও। নিম্নমধ্য সম্মুখ, ওষ্ঠাধর প্রসৃতঃ অ্যা। নিম্নমধ্য পশ্চাৎ, ওষ্ঠাধর গোলাকৃতঃ অ। নিম্ন কেন্দ্রীয়, ওষ্ঠাধর বিবৃতঃ আ।

39.জনাকীর্ণ' কোন সমাসের উদাহরণ?

a. দ্বন্দ্ব

b. কর্মধারয়

c. বহুব্রীহি

d. তৎপুরুষ

Show Answer Show Explanation

Explanation: ▶ তৃতীয়া তৎপুরুষ সমাস: পূর্বপদের তৃতীয়া বিভক্তি (দ্বারা, দিয়ে, কর্তৃক) লোপ হয়ে যে সমাস হয় তাকে তৃতীয়া তৎপুরুষ সমাস বলে। ◈ মন দিয়ে গড়া= মনগড়া ◈ শ্রম দ্বারা লব্ধ= শ্রমলব্ধ ◈ মধু দিয়ে মাখা= মধুমাখা

◈ কণ্টক দ্বারা আকীর্ণ= কণ্টকাকীর্ণ ◈ জন দ্বারা আকীর্ণ= জনাকীর্ণ ◈ দৃষ্টি দ্বারা হীন= দৃষ্টিহীন ◈ ইন্দ্রিয় দ্বারা গ্রাহ্য= ইন্দ্রিয়গ্রাহ্য ◈ শোক দ্বারা আর্ত= শোকার্ত ◈ তৈল দ্বারা আক্ত= তৈলাক্ত

40.নিচের কোন বানানটি অশুদ্ধ?

a. নির্ণিমেষ

b. অপরাহ্ণ

c. গণনা

d. সর্বাঙ্গীণ

Show Answer Show Explanation

Explanation: সঠিক বানান- নির্নিমেষ।

41.'সক্ষম' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?

a. বাংলা

b. সংস্কৃত

c. আরবি

d. ফারসি

Show Answer

Answer: a

42.নিচের কোন শব্দটি বিশেষ্য?

a. আশ্বস্ত

b. আধুনিক

c. অরণ্য

d. অধুনা

Show Answer

Answer: c

43.সৈনিক' শব্দের প্রকৃতি নির্ণয় করুন ।

a. সেনা+য়িক

b. সৈন্য+ইক

c. সেনা+ইক

d. সৈন্য+য়িক

Show Answer Show Explanation

Explanation: সৈনিক' ষ্ণিক (ইক) তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত শব্দ। ** ষ্ণিক প্রত্যয় গঠিত শব্দ- দক্ষ বা বেত্তা অর্থে- সাহিত্য + ষ্ণিক= সাহিত্যিক, বেদ + ষ্ণিক= বৈদিক, বিজ্ঞান + ষ্ণিক= বৈজ্ঞানিক। বিষয়ক অর্থে- সমুদ্র + ষ্ণিক= সামুদ্রিক, নগর + ষ্ণিক= নাগরিক, মাস + ষ্ণিক= মাসিক। বিশেষণ গঠনে- হেমন্ত + ষ্ণিক= হৈমন্তিক, অকস্মাৎ + ষ্ণিক= আকস্মিক।

44.অশুদ্ধ প্রয়োগ ঘটেছে কোন বাক্যে?

a. সে সম্ভ্রান্তশীল পরিবারে জন্মগ্রহণ করেছে।

b. রাঙ্গামাটি পার্বত্য এলাকা।

c. কেবল গায়ের জোরে কাজ হয় না।

d. ইহার আবশ্যকতা নাই।

Show Answer Show Explanation

Explanation: শুদ্ধ বাক্য: সে সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেছে।

45.'উল্লেখিত' শব্দটিতে কী ধরণের অশুদ্ধি ঘটেছে?

a. সন্ধিজনিত

b. প্রত্যয়জনিত

c. সমাসজনিত

d. উপসর্গজনিত

Show Answer Show Explanation

Explanation: 'উল্লেখিত' শব্দটিতে সন্ধিজনিত অপপ্রয়োগ ঘটেছে। শুদ্ধ বানান: উল্লিখিত।

46.নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জনসন্ধি?

a. সম্ + সার = সংসার

b. শম্ + কা =শঙ্কা

c. পরি + কার = পরিষ্কার

d. সম্ + চয় = সঞ্চয়

Show Answer

Answer: c

47. সংস্কৃত ধাতু কোনটি?

a. খাদ্

b. কাঁদ্

c. নাচ্

d. কাট্

Show Answer

Answer: a

48.'অপবাদ' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

a. বিপরীত

b. বিকৃত

c. স্থানান্তর

d. নিকৃষ্ট

Show Answer

Answer: a

49.উপসর্গ কোন জাতীয় শব্দাংশ?

a. বিশেষণ

b. অব্যয়

c. ক্রিয়া

d. বিশেষ্য

Show Answer

Answer: b

50.'আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা।' - এখানে 'আমারে' কোন কারক?

a. করণ কারক

b. কর্তা কারক

c. অপাদান কারক

d. কর্ম কারক

Show Answer

Answer: d

51.'নারদের ঢেঁকি' বাগ্‌ধারাটি কী অর্থ প্রকাশ করে?

a. অপদার্থ

b. দুর্লভ বস্তু

c. অত্যন্ত অলস

d. বিবাদের বিষয়

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: বিবাদের বিষয়।

‘নারদের ঢেঁকি’ বাগ্‌ধারাটির অর্থ - বিবাদের বিষয়।

অন্যদিকে,
- 'কচু বনের কালাচাঁদ' অর্থ - অপদার্থ।
- 'আকাশের চাঁদ' অর্থ - দুর্লভ বস্তু।
- ‘গোঁফ খেজুরে’ অর্থ - অত্যন্ত অলস।

52.'মুচলেকা' কোন ভাষার শব্দ?

a. আরবি

b. তুর্কি

c. ফারসি

d. উর্দু

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: তুর্কি

বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুসারে,
• 'মুচলেকা' তুর্কি ভাষার শব্দ।

অর্থ:
- শর্তভঙ্গ না করার অঙ্গীকারপত্র।

53.'জ' এর উচ্চারণ স্থানগত অবস্থান কী?

a. দন্তমূলীয়

b. তালব্য

c. মূর্ধন্য

d. কণ্ঠ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: তালব্য

• তালব্য ব্যঞ্জন:
যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের ডগা খানিকটা প্রসারিত হয়ে শক্ত তালুর কাছে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে তালব্য ব্যঞ্জন বলে। চাচা, ছাগল, জাল, ঝড়, শসা প্রভৃতি শব্দের চ, ছ, জ, ঝ, শ তালব্য ব্যঞ্জনধ্বনির উদাহরণ।

54.'সমুদ্র' এর প্রতিশব্দ নয় কোনটি?

a. পারাবার

b. রত্নাকর

c. অর্ণব

d. মহিধর

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: মহিধর

- 'পর্বত' শব্দের সমার্থক শব্দ = মহীধর।

'সমুদ্র' এর কিছু প্রতিশব্দ:
- বরুণ, পাথার, রত্নাকর, অর্ণব, দরিয়া, পারাবার, পয়োধি, সিন্ধু, সাগর ইত্যাদি।

55.'মেনিমুখো' বলতে বুঝায়-

a. ভীতু

b. লাজুক

c. মুখরা

d. বিড়ালমুখো

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: লাজুক

- 'মেনিমুখো' বলতে বুঝায়- লাজুক; লজ্জাশীল।

56.সদাশয়' এর সন্ধি বিচ্ছেদ-

a. সদ+আশয়

b. সদা+শয়

c. সৎ+শয়

d. সৎ+আশয়

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: সৎ+আশয়

- 'সদাশয়' শব্দের সন্ধি বিচ্ছেদ- 'সৎ + আশয়'।

57.কোন বাগধারাটির অর্থ 'চাতুরী করা'?

a. লেজে খেলা

b. শেষ রক্ষা

c. আঁখি মুদা

d. ছকড়া নকড়া

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: লেজে খেলা

- 'লেজে খেলা' বাগধারার অর্থ - 'চাতুরী করা' / চালাকি করে বশীভূত করা।

অন্যদিকে,
- 'ছকড়া নকড়া' বাগধারার অর্থ - সস্তা দর।
- 'আঁখি মুদা' বাগধারাটির অর্থ - চোখ বন্ধ করা/ মারা যাওয়া।

58.অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত বহুবচন লগ্নক কোনটি?

a. সঙ্ঘ

b. উচ্চয়

c. মণ্ডল

d. সমূহ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: উচ্চয়

‘উচ্চয়’ বহুবচন লগ্নকটি অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়।
যেমন:
উচ্চয় - শিলোচ্চয়, পুষ্পোচ্চয়।

• অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত বহুবচন লগ্নকগুলো হলো:
- রাশি, রাজি, মালা, ব্রজ, নিকর, দাম, জাল, গ্রাম, গুচ্ছ, উচ্চয়, আবলি।

অন্যদিকে,
• উভয়ক্ষেত্রে ব্যবহৃত অন্যান্য বহুবচন লগ্নকগুলো হলো:
- চয়, সমূহ, দল, নিচয়, পুঞ্জ, মণ্ডল, মণ্ডলী।

• প্রাণিবাচক শব্দে ব্যবহৃত বহুবচন লগ্নকগুলো হলো:
- সঙ্ঘ, যূথ, ব্রাত, বৃন্দ, পাল, গণ, কুল।

59.'আনকোরা' শব্দের সমার্থক শব্দ কোনটি?

a. অকস্মাৎ

b. পুরাতন

c. নতুন

d. অদ্ভুত

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: নতুন

• 'আনকোরা' বাংলা শব্দ।
অর্থ: নতুন, টাটকা, কাঁচা।

• 'নতুন' শব্দের সমার্থক শব্দ: নবীন, সদ্য, আনকোরা, আধুনিক, অধুনা, অর্বাচীন।

60.'পকেট মারে যে' ব্যাসবাক্যটি কোন সমাস নির্দেশ করে?

a. নিত্য সমাস

b. অলুক বহুব্রীহি সমাস

c. অলুক তৎপুরুষ সমাস

d. উপপদ তৎপুরুষ সমাস

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: উপপদ তৎপুরুষ সমাস

• উপপদ তৎপুরুষ সমাস:
যে পদের পরবর্তী ক্রিয়ামূলের সঙ্গে কৃৎ-প্রত্যয় যুক্ত হয় সে পদকে উপপদ বলে। কৃদন্ত পদের সঙ্গে উপপদের যে সমাস হয়, তাকে বলে উপপদ তৎপুরুষ সমাস।

যেমন:
- জলে চরে যা = জলচর।
- জল দেয় যে = জলদ।
- পঙ্কে জন্মে যা = পঙ্কজ।
- পকেট মারে যে = পকেটমার।

61.প্রত্যয়ের অপপ্রয়োগ-জনিত অশুদ্ধি ঘটেছে নিচের কোন শব্দে?

a. করিতকর্মা

b. দূষণীয়

c. আবশ্যকীয়

d. ঘূর্ণায়মান

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: আবশ্যকীয়

• প্রত্যয়জনিত অপপ্রয়োগ: আবশ্যকীয়।
শুদ্ধ প্রয়োগ: আবশ্যক।

• অশুদ্ধ শব্দ - শুদ্ধ শব্দ:
- আবশ্যকীয় - আবশ্যক;
- অধীনস্থ - অধীন;
- করিতকর্মী - করিতকর্মা;
- গণ্যনীয় - গণনীয়;
- দোষণীয় - দূষণীয়;
- জ্ঞানমান - জ্ঞানবান;
- পুজ্যনীয় - পূজনীয়;
- ঘূর্ণীয়মান - ঘূর্ণায়মান;
- পুজ্য - পূজ্য।

62.শুদ্ধ বানান কোনটি?

a. গুণতি

b. ঝরণা

c. গোণা

d. ক্ষণ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: ক্ষণ

শুদ্ধ বানান: ক্ষণ।

• নিয়ম:
বাংলা শব্দের বানানে দন্ত্য-ন এর পরিবর্তে মূর্ধন্য-ণ ব্যবহার হওয়ার কিছু নিয়ম রয়েছে। সাধারণভাবে 'র, ষ, ক্ষ' এই তিনটি অক্ষরের পর মূর্ধন্য-ণ ব্যবহৃত হয়।
এখানে, র অর্থ: র, ঋ, রেফ, র-ফলা, ঋ-কার। উদাহরণ- কারণ, ঋণ, কর্ণ, তৃণ ইত্যাদি।
ষ: ষণ্ড, ঘর্ষণ, বিষ্ণু, ভূষণ, দূষণ ইত্যাদি।
ক্ষ: ক্ষণ, ক্ষীণ, ক্ষুণ্ণ, ক্ষৌণি ইত্যাদি।

• মূর্ধন্য-ণ ও দন্ত্য-ন এর ব্যবহার:
- অতৎসম শব্দের বানানে ণ ব্যবহার করা হবে না।
যেমন: অঘ্রান, ইরান, কান, কোরান, গভর্নর, গুনতি, গোনা, ঝরনা, পরান, রানি, সোনা।

## 63.কোনটি কৃৎ প্রত্যয়যোগে গঠিত শব্দ?

a. দানব

b. পাঠ

c. দ্বৈপায়ন

d. রামায়ণ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: পাঠ

সংস্কৃত কৃৎ প্রত্যয়যোগে শব্দ গঠন:
অ(অচ্):
- √পঠ্ + অ = পাঠ,

## 64.কোন বানানটি অশুদ্ধ?

a. দুরারোগ্য

b. ভষ্মীভূত

c. নির্নিমেষ

d. মনোহারিতা

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: ভস্মীভূত

অশুদ্ধ বানান - 'ভষ্মীভূত'। এর শুদ্ধরূপ - 'ভস্মীভূত'

এটি একটি বিশেষণ পদ। এটি সংস্কৃত শব্দ।

এর অর্থ:
- আগুনে পুড়ে ভস্মে পরিণত বা সম্পূর্ণ বিনাশপ্রাপ্ত।

অন্যদিকে,
- নির্নিমেষ, মনোহারিতা এবং দুরারোগ্য  শব্দগুলোর বানান শুদ্ধ।

## 65."ভরসন্ধ্যা" শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?

a. বাংলা

b. সংস্কৃত

c. ফারসি

d. আরবি

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: বাংলা

"ভর" একটি বাংলা উপসর্গ।
- "ভর" উপসর্গযোগে গঠিত শব্দ: ভরপুর, ভরপেট, ভরদুপুর, ভরসন্ধ্যা, ভরদিন, ভরসাঁঝ।

বাংলা উপসর্গ:
বাংলা উপসর্গ মোট একুশটি।
যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, ঊন (ঊনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

## 66.'দুর্দান্ত' শব্দের বিপরীতার্থক শব্দ কী?

a. ভেজা

b. ঠান্ডা

c. নিরীহ

d. ধ্বংস

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: নিরীহ

- 'দুর্দান্ত' শব্দের বিপরীতার্থক শব্দ - নিরীহ।

অন্যদিকে,
- 'ধ্বংস' শব্দের বিপরীতার্থক শব্দ - সৃষ্টি।
- 'ঠান্ডা' শব্দের বিপরীতার্থক শব্দ - গরম।
- 'ভেজা' শব্দের বিপরীতার্থক শব্দ - শুকনো।

67.কোন বাক্যটি শুদ্ধ?

a. এটা অপক্ক হাতের লেখা।

b. মেয়েটি স্বয়ংবরা।

c. সব মাছগুলোর দাম কত।

d. কীর্তিবাস বাংলা রামায়াণ লিখেছেন।

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: মেয়েটি স্বয়ংবরা

অশুদ্ধ বাক্য: কীর্তিবাস বাংলা রামায়াণ লিখেছেন।
শুদ্ধ বাক্য: কৃত্তিবাস বাংলা রামায়াণ লিখেছেন।

অশুদ্ধ বাক্য: সব মাছগুলোর দাম কত।
শুদ্ধ বাক্য: মাছগুলোর দাম কত।

অশুদ্ধ বাক্য: এটা অপক্ক হাতের লেখা।
শুদ্ধ বাক্য: এটা কাঁচা হাতের লেখা।

68.কোনটি পর্তুগিজ শব্দ?

a. কুলি

b. কাজু

c. বুর্জোয়া

d. বান্ডিল

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: কাজু]

• 'কাজু'
শব্দটি পর্তুগিজ ভাষা হতে আগত। এটি একটি বিশেষ্য পদ।
এর অর্থ:
- ভারতীয় উপমহাদেশে জাত প্রোটিন ও তেলসমৃদ্ধ যকৃত আকৃতির বাদাম।

অন্যদিকে,
- 'বুর্জোয়া' শব্দটি ফরাসি ভাষা হতে আগত।
- 'বান্ডিল' শব্দটি ইংরেজি ভাষা হতে আগত।
- 'কুলি' শব্দটি তুর্কি ভাষা হতে আগত।

69."সহজলভ্য" অর্থ প্রকাশ করে কোন বাগ্ধারাটি?

a. তামার বিষ

b. ব্যাঙের আধুলি

c. ইদুর কপালে

d. উজানের কৈ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: উজানের কৈ

• 'উজানের কৈ' বাগ্ধারাটির অর্থ - সহজলভ্য।

অন্যদিকে,
- 'তামার বিষ' বাগ্ধারাটির অর্থ - অর্থের কুপ্রভাব।
- 'ব্যাঙের আধুলি' বাগ্ধারাটির অর্থ- সামান্য অর্থ।
- ইঁদুর কপালে বাগ্ধারাটির অর্থ- মন্দভাগ্য।

70.কোন বাক্যে ভাববাচক বিশেষ্য রয়েছে?

a. খুকু নাচছে।

b. খুকুর নাচন দেখে যা।

c. আমি কোটবাড়ি দেখেছি।

d. সে ফিরেছে।

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: খুকুর নাচন দেখে যা।

ভাববাচক বিশেষ্য:
যে বিশেষ্যপদ দ্বারা ক্রিয়ার ভাব বা কাজের নাম বোঝায়, তাকে ভাববাচক বা ক্রিয়াবাচক বিশেষ্য বলে।
যেমন: ভোজন, শয়ন, দর্শন, গমন, শ্রবণ, করা, দেখা, শোনা ইত্যাদি।

• ভাববাচক বিশেষ্য ও ক্রিয়াপদ এক নয়।

যেমন:

ভাববাচক বিশেষ্য:
১. কোটবাড়ি দর্শন করে এলাম।
২. মহারাজের ভোজন-পর্ব শেষ হয়েছে।
৩. বাবার শয়ন এখনো সম্পন্ন হয় নি।
৪. খুকুর নাচন দেখে যা।
৫. তার বোধহয় ফেরা হবে না।

71.'এখনো তোমার গানে সহসা উদ্বেল হয়ে উঠি।' - বাক্যে 'গানে' কোন কারকে কোন বিভক্তি?

a. করণে ৭মী

b. অধিকরণে ৭মী

c. কর্তায় ৭মী

d. অপাদানে ৭মী

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: করণে ৭মী

করণ কারক:
- 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তা- ই করণ কারক।

যেমন:
- নীরা কলম দিয়ে লেখে।
- জগতে কীর্তিমান হও সাধনায়।
- এ সাবানে কাপড় কাচা চলবে না।
- মহাতেজে পৃথিবী কম্পিত হইতেছে।
- এখনো তোমার গানে সহসা উদ্বেল হয়ে উঠি। (করণে ৭মী)।

## 72.'সুত' শব্দের সমার্থক শব্দ কী?

a. পুত্র

b. স্বর্ণ

c. দয়িত

d. স্বামী

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: পুত্র

'পুত্র' এর সমার্থক শব্দ হচ্ছে:
- আত্মজ, দুলাল, নন্দন, তনয়, ছেলে, পোলা, সুত, বেটা ইত্যাদি।

'স্বামী' শব্দের সমার্থক শব্দ:
- পতি, কান্ত, নাথ, বল্লভ, দয়িত।

'স্বর্ণ' শব্দের সমার্থক শব্দ:
- সোনা, সুবর্ণ, কাঞ্চন, কনক, হিরণ, হিরণ্য, হেম।

'রাজা' শব্দের সমার্থক শব্দ:
- নৃপতি, নৃপ, সম্রাট, বাদশাহ্, নৃপেন্দ্র, নরপতি, ভূপতি, ভূপাল।

73.একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে স্বরধ্বনি যুক্ত হওয়াকে কী বলে?

a. পরাগত সমীভবন

b. সম্প্রকর্ষ

c. অসমীকরণ

d. স্বরসঙ্গতি

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: অসমীকরণ

অসমীকরণ:
- একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে যখন স্বরধ্বনি যুক্ত হয়, তখন তাকে বলে অসমীকরণ বলে।
যেমন:
- টপ + টপ > টপাটপ,
- ধপ + ধপ > ধপাধপ।

74.নিচের কোনটি উপসর্গ?

a. বাজে

b. অবধি

c. বিনা

d. ছাড়া

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: বাজে

• 'বাজে' আরবি উপসর্গের উদাহণ।

অন্যদিকে,

• অবধি, ছাড়া, বিনা ইত্যাদি অনুসর্গের উদাহরণ।

75.‘পাপী পশুর অধম’- বাক্যে ‘পশু’ কোন কারক?

a. কর্ম কারক

b. অপাদান কারক

c. করণ কারক

d. কর্তা কারক

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: অপাদান কারক

• অপাদান কারক:
যা থেকে কোনো কিছু উৎপত্তি, বিচ্যুত, জাত, গৃহীত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয়, তাকে বলা হয় অপাদান কারক।

• বাক্যের ক্রিয়াপদকে কোথা হতে, কি থেকে, কিসের থেকে ইত্যাদি প্রশ্ন করলে উত্তরে যে কারক পাওয়া যায়, তা-ই হলো অপাদান কারক।
যেমন:
- পাপী পশুর অধম।

76.“যথাসময়ে সবাই উপস্থিত হয়েছে।”- বাক্যে ‘যথাসময়ে’ কোন পদের উদাহরণ?

a. ক্রিয়া বিশেষণ

b. ক্রিয়া

c. বিশেষণ

d. বিশেষ্য

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: ক্রিয়া বিশেষণ

- “যথাসময়ে সবাই উপস্থিত হয়েছে”- বাক্যে ‘যথাসময়ে’ কালবাচক ক্রিয়া বিশেষণের উদাহরণ।

## 77.‘পরি (চতুর্দিকে) যে ভ্রমণ’ ব্যাসবাক্যটি কোন সমাস নির্দেশ করে?

a. নিত্য সমাস

b. বহুব্রীহি সমাস

c. প্রাদি সমাস

d. তৎপুরুষ সমাস

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: প্রাদি সমাস

- প্রাদি সমাস:

প্র, প্রতি, অনু প্রভৃতি অব্যয়ের সঙ্গে যদি কৃৎ প্রত্যয় সাধিত বিশেষ্যের সমাস হয় তাকে বলে প্রাদি সমাস।
যেমন:
- প্র (প্রকৃষ্ট) যে বচন = প্রবচন,
- প্র ( প্রকৃষ্ট রূপে) গতি = প্রগতি।

প্রাদি সমাসে-
- ‘প্র’ থাকলে ‘প্রকৃষ্ট’ হবে। যেমন: প্র (প্রকৃষ্ট রূপে) ভাত (আলোকিত) = প্রভাত।
- ‘পরি’ থাকলে ‘চতুর্দিকে’ হবে। যেমন: পরি (চতুর্দিকে) যে ভ্রমণ = পরিভ্রমণ।
- ‘অনু’ থাকলে ‘পশ্চাত’ হবে। যেমন: অনুতে (পশ্চাতে) যে তাপ = অনুতাপ।

## 78.‘বিবি’ কোন ভাষার শব্দ?

a. ফারসি

b. আরবি

c. ফরাসি

d. তুর্কি

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: তুর্কি

• তুর্কি ভাষা থেকে আগত কিছু গুরুত্বপূর্ণ শব্দ হলো:
কাঁচি, খোকা, বাবুর্চি, উজবুক, কোর্মা, তুরুক, বন্দুক, তোশক, বেগম, বাবা, বিবি।

## 79.“মুখে মধু অন্তরে বিষ” এখানে 'মুখ' কী অর্থে বাক্যে ব্যবহৃত হয়েছে?

a. সম্মান

b. অঙ্গ বিশেষ

c. অভিমান

d. কথা

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: কথা

বাক্যে অর্থ ভেদে ‘মুখ’ শব্দের কিছু ব্যবহার দেয়া হলো-
• ‘অঙ্গ বিশেষ’ অর্থে: তোমার মুখের গড়নটা সুন্দর।
• ‘প্রবেশ পথ’ অর্থে: গ্রামের মুখেই দোকানটা।
• ‘সম্মান’ অর্থে: ছেলেটা চৌধুরী সাহেবের মুখ রেখেছে।
• ‘কথা’ অর্থে: মুখে মধু অন্তরে বিষ।
• ‘ক্ষমতা’ অর্থে: যত বড় মুখ নয় তত বড় কথা।
• ‘অভিমান’ অর্থে: মেয়েটি কথায় কথায় মুখ ফোলায়।

## 80.সংস্কৃত তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি?

a. কণ্টকিত

b. পানসা

c. কারিগর

d. পাগলামি

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: কণ্টকিত

• সংস্কৃত তদ্ধিত প্রত্যয়:
সংস্কৃত শব্দের পরে যেসব প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ গঠিত হয় সেসব প্রত্যয় কে সংস্কৃত তদ্ধিত প্রত্যয় বলে।
যেমন:
- কণ্টক + ইত = কণ্টকিত;
- ফেন + ইল্ = ফনিল;
- সুখ + ইন্ = সুখিন;
- নীল + ইমন = নীলিমা।

81.ষ-ত্ব বিধানের নিয়ম অনুসারে মূর্ধন্য- ষ এর ব্যবহার হয়েছে কোন শব্দে?

a. ভাষণ

b. ভূষণ

c. সুষমা

d. আষাঢ়

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: সুষমা

ই-কারান্ত এবং উ-কারান্ত উপসর্গের পর কতগুলো ধাতুতে 'ষ" হয়। যেমন- অভিসেক > অভিষেক, সুসুপ্ত > সুষুপ্ত, অনুসঙ্গ > অনুষঙ্গ, সুসমা > সুষমা ইত্যাদি।

82.অশুদ্ধ বানান কোনটি?

a. আকাশস্থ

b. আক্রোশ

c. আকষ্মিক

d. আকাদেমি

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: আকষ্মিক

• অশুদ্ধ বানান: আকষ্মিক।

• শুদ্ধ বানান: আকস্মিক (বিশেষণ পদ),
- এটি একটি সংস্কৃত শব্দ।
অর্থ:
- হঠাৎ ঘটেছে বা ঘটে এমন;
- আতর্কিত;
- অপ্রত্যাশিত।

• আকাশস্থ, আক্রোশ ও আকাদেমি শব্দের বানানগুলো শুদ্ধ।

83.'নির্বুদ্ধিতার দণ্ড' - অর্থে বাগ্‌ধারার ব্যবহার কোনটি?

a. আক্কেল গুড়ুম

b. অরণ্যে রোদন

c. আক্কেল সেলামি

d. কড়ায় গণ্ডায়

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: আক্কেল সেলামি

• 'আক্কেল সেলামি' বাগ্‌ধারাটির অর্থ - নির্বুদ্ধিতার দণ্ড।

অন্যদিকে,

- 'অরণ্যে রোদন' বাগ্‌ধারার অর্থ - নিষ্ফল আবেদন।
- 'কড়ায় গণ্ডায়' বাগ্‌ধারার অর্থ - সম্পূর্ণ বা পুরোপুরি।
- 'আক্কেল গুড়ুম' বাগ্‌ধারার অর্থ - হতবুদ্ধি।

## 84.কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?

a. কাঙালিনী

b. ঢাকী

c. গৃহী

d. সপত্নী

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: সপত্নী

• নিত্য স্ত্রীবাচক শব্দ - সপত্নী।

নিত্য স্ত্রীবাচক শব্দ:
- কিছু শব্দ আছে যা কেবল স্ত্রীবাচক এদেরকে নিত্য স্ত্রীবাচাক শব্দ বলে।

যেমন:
- এয়ো, সতীন, সৎমা, সধবা, কুলটা, বিধবা, অরক্ষণীয়া ইত্যাদি।

## 85.কোনটি খাঁটি বাংলা উপসর্গযুক্ত শব্দ?

a. বিপথ

b. বিশুদ্ধ

c. বিজ্ঞান

d. বিফল

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: বিপথ

খাঁটি বাংলা উপসর্গযুক্ত শব্দ - বিপথ।
- 'বিপথ' শব্দে 'বি' হচ্ছে খাঁটি বাংলা উপসর্গ।

খাঁটি বাংলা উপসর্গ:
বাংলা ভাষায় ব্যবহৃত নিজেস্ব উপসর্গকে খাঁটি বাংলা উপসর্গ বলা হয়। খাঁটি বাংলা উপসর্গ ২১ টি।
যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, ঊন (ঊনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

## 86.'সংসারসাগর' শব্দটি কোন সমাস?

a. উপমান কর্মধারয়

b. রূপক কর্মধারয়

c. উপমিত কর্মধারয়

d. মধ্যপদলোপী কর্মধারয়

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: রূপক কর্মধারয়

রূপক কর্মধারয় সমাস:
যে কর্মধারয় সমাসে উপমান ও উপমেয়কে অভিন্ন কল্পনা করা হয়, তাকে রূপক কর্মধারয় সমাস বলে। রূপক কর্মধারয় সমাসের সমস্তপদে পূর্বপদটি সাধারণত কোন বস্তু হয় না, হয় কোনো ধারণা বা অভিজ্ঞতা অর্থাৎ অবস্তু। পূর্বপদের সেই বিমূর্ততাকে পরপদের বস্তুর সঙ্গে তুলনা করা হয়।

যেমন:
- বিদ্যাধন = বিদ্যা রূপ ধন,
- মনমাঝি = মন রূপ মাঝি,
- বিষাদসিন্ধু = বিষাদ রূপ সিন্ধু,
- সংসারসাগর = সংসার রূপ সাগর,
- হৃদয়মন্দির = হৃদয় রূপ মন্দির ইত্যাদি।

## 87.বিপ্রকর্ষের অপর নাম কী?

a. অন্তস্বরাগম

b. মধ্য স্বরাগম

c. সম্প্রকর্ষ

d. স্বরলোপ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: মধ্য স্বরাগম

বিপ্রকর্ষের অপর নাম - মধ্য স্বরাগম।

88.'চোখেমুখে' কোন সমাস?

a. অলুক দ্বন্দ্ব

b. একশেষ দ্বন্দ্ব

c. সমার্থক দ্বন্দ্ব

d. বিপরীতার্থক দ্বন্দ্ব

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: অলুক দ্বন্দ্ব

অলুক দ্বন্দ্ব সমাস:
- যে দ্বন্দ্ব সমাসে সমস্যমান পদগুলোর বিভক্তি সমস্ত পদেও যুক্ত থাকে বা বিভক্তি লোপ পায় না তাকে অলুক দ্বন্দ্ব সমাস বলে। অর্থাৎ কিছু দ্বন্দ্ব সমাসে পূর্বপদ ও পরপদের বিভক্তি সমাসবদ্ধ হলেও বিদ্যমান থাকে। এই ধরনের দ্বন্দ্ব সমাসের নাম অলুক দ্বন্দ্ব সমাস।

যেমন:
- দুধে ও ভাতে = দুধে-ভাতে,
- চোখে ও মুখে = চোখেমুখে,
- হাতে ও কলমে = হাতে-কলমে ইত্যাদি।

89.নিচের কোন শব্দের 'অ' এর উচ্চারণ সংবৃত?

a. অকাল

b. ক্ষণ

c. নদী

d. ঘর

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: নদী

- 'অ' এর সংবৃত উচ্চারণ - নদী (নোদি)।

অ-এর উচ্চারণ দু রকম:
স্বাভাবিক (অ-এর মতো):
- অজ (অজো), অকাল (অকাল্), কথা (কথা), শপথ (শপথ্) ক্ষণ (খন্), জঞ্জাল (জাল্), গয়না (গা), ঘর (ঘর্)।

সংবৃত বা পরিবর্তিত (ও-এর মতো):
- অতি (ওতি), নদী (নোদি), অভিধান (ওভিধান), অতনু (অতোনু), সুমতি (সুমোতি), মৌন (মৌনো), মৃগ (মৃগো)।

## 90.'চারু' এর সমার্থক শব্দ কী?

a. মনোহর

b. অকল্পনীয়

c. অভিলাষ

d. অতুল্য

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: মনোহর

- 'চারু' এর সমার্থক শব্দ - মনোহর।

'সুন্দর' শব্দের সমার্থক শব্দ:
- মনোরম, মনোহর, রম্য, কমনয়ি, ললিত, রমণীয়, অপরূপা, কমনীয়, অনুপম, কান্তিমান ইত্যাদি।

অন্যদিকে,
- 'অভিলাষ' শব্দের অর্থ - ইচ্ছা, বাসনা।

## 91.অর্থগতভাবে 'বৎস' কী শব্দ?

a. মৌলিক শব্দ

b. যোগরূঢ় শব্দ

c. যৌগিক শব্দ

d. রূঢ়ি শব্দ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: রূঢ়ি শব্দ

প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোন বিশিষ্ট অর্থ গ্রহণ করলে তাকে রূঢ়ি শব্দ বলে।
যেমন:
- হস্তী, বাঁশি, তৈল, প্রবীণ, সন্দেশ, বৎস ইত্যাদি।

## 92.কোন বানানটি শুদ্ধ?

a. অদ্যবদি

b. অদ্যাবধি

c. অদ্যোবধি

d. অদ্যাবধী

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: অদ্যাবধি

• শুদ্ধ বানান - 'অদ্যাবধি'।
এটি একটি বিশেষণ পদ। এটি সংস্কৃত শব্দ। এর প্রকৃতি-প্রত্যয়: অদ্য + অবধি।

এর অর্থ:
- আজ পর্যন্ত,
- এখন থেকে।

## 93.'অলঙ্কারের ধ্বনি' এর এক কথায় প্রকাশ -

a. টঙ্কার

b. শিঞ্জন

c. ঝংকার

d. ক্রেঙ্কার

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: শিঞ্জন

'অলঙ্কারের ধ্বনি' এর এক কথায় প্রকাশ - শিঞ্জন।

অন্যদিকে,
• বাদ্যযন্ত্রের ধ্বনি - ঝংকার।
• ধনুকের ধ্বনি - টঙ্কার।
• রাজহাঁস (পক্ষীর) এর কর্কশ ডাক - ক্রেঙ্কার।

## 94.'জাঁতি' শব্দের অর্থ কী?

a. প্রকার

b. দেশীয় জনসমষ্টি

c. শ্রেণি

d. সুপারি কাটার যন্ত্র

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: সুপারি কাটার যন্ত্র

- 'জাঁতি' শব্দের অর্থ — সুপারি কাটার যন্ত্র।

তবে,
• 'জাতি' শব্দের অর্থ:
- প্রকার,
- শ্রেণি,
- দেশীয় জনসমষ্টি।

95.নিচের কোনটি সর্বনামের প্রকারভেদ নয়?

a. সংযোগজ্ঞাপক

b. পূরণবাচক

c. ব্যতিহারিক

d. সামীপ্যবাচক

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: পূরণবাচক

পূরণবাচক - নামে কোন সর্বনাম পদ নেই।

96.কণ্ঠনালীয় ব্যঞ্জনধ্বনি কোনটি?

a. চ

b. ক

c. হ

d. ট

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: হ

কণ্ঠনালীয় ব্যঞ্জন - হ।

• কণ্ঠনালীয় ব্যঞ্জন:
কণ্ঠনালীয় ব্যঞ্জন উচ্চারণের সময়ে ধ্বনিদ্বার থেকে বায়ু কণ্ঠনালি হয়ে সরাসরি বের হয়ে আসে।

যেমন: 'হাতি' শব্দের 'হ' কণ্ঠনালীয় ব্যঞ্জনধ্বনির উদাহরণ।

97.'সাদা মেঘে বৃষ্টি হয় না।' - এই বাক্যে 'মেঘে' কোন কারকে কোন বিভক্তি?

a. অপাদানে ৭মী

b. কর্তায় ৭মী

c. করণে ৭মী

d. অধিকরণে ৭মী

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: অপাদানে ৭মী

'সাদা মেঘে বৃষ্টি হয় না।' - বাক্যের ক্রিয়াপদকে 'কি থেকে বৃষ্টি হয় না' প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় 'মেঘে' (মেঘ থেকে)। তাই, 'মেঘে' অপাদানে ৭মী বিভক্তি।

98.'কেতাদুরস্ত' বাগ্‌ধারাটির অর্থ -

a. পক্ষপাত দুষ্ট

b. পরিপাটি

c. নিতান্ত অলস

d. নির্ভীক

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: পরিপাটি

• 'কেতাদুরস্ত' বাগ্‌ধারার অর্থ - পরিপাটি।
বাক্য গঠন: কথাবার্তায়, পোষাকপরিচ্ছদে কেতাদুরস্ত হলেও সে অন্তঃসারশূন্য।

অন্যদিকে,
- 'গোঁফ খেজুরে' বাগ্‌ধারার অর্থ - নিতান্ত অলস।
- 'একচোখা' বাগ্‌ধারার অর্থ - পক্ষপাত দুষ্ট।
- 'ডাকাবুকো' বাগ্‌ধারার অর্থ - নির্ভীক।

## 99.'তিন নদীর মিলনস্থল' এর এক কথায় প্রকাশ কোনটি?

a. ত্রয়ী

b. তেমোহনা

c. ত্রিমোহনা

d. তিন মোহনা

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: তেমোহনা

• 'তিন নদীর মিলনস্থল' এর এক কথায় প্রকাশ — তেমোহনা।

গুরুত্বপূর্ণ কিছু এক কথায় প্রকাশ:
• 'যা আহুত (ডাকা) হয় নি' - অনাহুত।
• 'যার উপস্থিত বুদ্ধি আছে' - প্রত্যুৎপন্নমতি ।
• 'যার কোন কিছু থেকেই ভয় নেই' - অকুতোভয় ।
• 'কথায় প্রকাশ করার অযোগ্য' - অবক্তব্য।
• 'যা আঘাত পায় নি' - অনাহত।
• 'যা পূর্বে শোনা যায় নি এমন' - অশ্রুতপূর্ব।
• 'যা কখনো নষ্ট হয় না এমন' - অবিনশ্বর।

100.'তুরঙ্গম' কোন শ্রেণীর শব্দ?

a. মৌলিক শব্দ

b. যোগরূঢ় শব্দ

c. যোগিক শব্দ

d. রূঢ়ি শব্দ

Show Answer Show Explanation

Explanation:
উত্তর: যোগরূঢ় শব্দ

- 'তুরঙ্গম'- যোগরূঢ় শব্দ।

যোগরূঢ় শব্দ:
সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে তাদের যোগরূঢ় শব্দ বলে।
যেমন -
- তুরঙ্গম: যা তাড়াতাড়ি যায়, কিন্তু প্রচলিত অর্থে ঘোড়াকে বোঝায়।

P2A

About
BPSC Link
Privacy Policy
Terms & Conditions
Refund Policy

Helpline: 01329672052

© 2024 P2A All rights reserved